# বালিয়াটি ঈশ্বর চন্দ্র উচ্চ বিদ্যালয়

বালিয়াটি, সাটুরিয়া, মানিকগঞ্জ

---

# নোটিশ

## ৩০ মে পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান ছুটির আদেশ জারি

৩০ মে পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান ছুটির আদেশ জারি নিজস্ব প্রতিবেদক | ০৬ মে, ২০২০ দেশে করোনাভাইরাস ছড়িয়ে পড়া প্রতিরোধে সব শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি ৩০ মে পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ৩০মে পর্যন্ত সব স্কুল-কলেজ ছুটি ঘোষণা করে আদেশ জারি করেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।আজ বুধবার (৬ মে) এ আদেশ জারি করা হয়। আদেশে বলা হয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নির্দেশনা অনুসারে সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল-কলেজ) বন্ধের সময়সীমা ৩০ মে পর্যন্ত বৃদ্ধি করা হল। এ সভায় করনা ভাইরাস সংক্রমণ থেকে নিজেদের রক্ষার জন্য শিক্ষার্থীরা নিজ নিজ বাসস্থান অবস্থান করবেন এবং অভিভাবকরা তা নিশ্চিত করবেন। আদেশে আরও বলা হয়, ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণির শিক্ষার্থীরা সংসদ টেলিভিশনে 'আমার ঘরে আমার স্কুল' অনুষ্ঠানের মাধ্যমে নিয়মিত পাঠ গ্রহণ করবেন। আর অধ্যক্ষরা নিজস্ব ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তি ব্যবহার করে কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখবেন। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. মাহবুব হোসেন দৈনিক শিক্ষাডটকমকে বলেন, ১৬ মে পর্যন্ত অফিসগুলোর ছুটি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। এরপরে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ঈদের বন্ধ থাকার কথা। তাই আমরা শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি ৩০ মে পর্যন্ত আপাতত বৃদ্ধি করছি। সে সময় পরিস্থিতি বিবেচনায় পরবর্তী নির্দেশনা সবাইকে জানানো হবে। গত ৪ মে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারি করা এক প্রজ্ঞাপনে সাধারণ ছুটির মেয়াদ ১৬ মে পর্যন্ত বাড়ছে বলে জানানো হয়। দেশে করোনা ভাইরাস ছড়িয়ে পড়া প্রতিরোধে গত ১৭ মার্চ থেকে সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়। গত ২৭ এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, করোনা ভাইরাসের বর্তমান পরিস্থিতি অব্যাহত থাকলে শিক্ষাপ্রতিষ্ঠান সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ থাকবে। যখন করোনার প্রকোপ থাকবে না, তখনই শিক্ষাপ্রতিষ্ঠান খোলা হবে